# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ ।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন


ডিওএস সার্কুলার লেটার নং-১৯

তারিখ : ৩০ আশ্বিন, ১৪১৬ / ১৫ অক্টোবর,২০০৯

**প্রধান নির্বাহী**
**বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী ।**

প্রিয় মহোদয়,

**অফিস ও লেনদেন সময়সূচী প্রসংগে ।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্থাপন মন্ত্রণালয়ের ১৫ অক্টোবর, ২০০৯ তারিখের বিজ্ঞপ্তি নং-সম(বিবিধ-৪)-সংশোধন(সময়)-৬/২০০৯-৩৯১ অনুযায়ী যানজট নিরসনের একটি পদক্ষেপ হিসেবে ঢাকা মহানগরীর সকল তফসিলী ব্যাংকের অফিস কার্যকাল ও লেনদেন সময়সূচী নিম্নরূপভাবে পালিত হবে :-

| দিবস | অফিস সময়সূচী | লেনদেন সময়সূচী |
|---|---|---|
| রবিবার হতে বৃহস্পতিবার | সকাল ১০.০০ টা থেকে বিকেল ৬.০০ টা পর্যন্ত (বেলা ২.০০ টা থেকে ২.৩০ মিঃ পর্যন্ত নামাজ ও মধ্যাহ্ন ভোজের বিরতি) । | সকাল ১০.০০ টা থেকে বিকেল ৪.০০ টা পর্যন্ত । |
| শুক্রবার ও শনিবার | সাপ্তাহিক ছুটি । | -- |

২.০০ টা হতে ২.৩০ মিঃ পর্যন্ত নামাজ ও মধ্যাহ্ন ভোজের বিরতিকালে লেনদেনের কাজ অভ্যন্তরীন সমন্বয়ের মাধ্যমে সম্পন্ন করতে হবে ।

নৌ, স্থল ও বিমান বন্দরে অবস্থিত শাখাগুলো বিশেষত বৈদেশিক বাণিজ্য সংশ্লিষ্ট শাখাগুলো বিদ্যমান ব্যবস্থা মোতাবেক প্রয়োজনানুসারে সাপ্তাহিক/সরকারী ছুটির দিনে খোলা রাখতে হবে ।

পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ঢাকা মহানগরীর বাইরে অবস্থিত ব্যাংকসমূহের সময়সূচী অপরিবর্তিত থাকবে ।

এই নির্দেশ ১৮-১০-২০০৯ ইং তারিখ থেকে কার্যকর হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,


( এস, কে, সুর চৌধুরী )
মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৩৭৬